# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মাসিক সমন্বয় সভার

## কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| বিষয় | : | ডিসেম্বর/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোসা: ফেরদৌসী বেগম।<br>চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ। |
| তারিখ ও সময় | : | ১৪/১২/২০২৫, সকাল ১১:০০ ঘটিকায়। |
| স্থান | : | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সম্মেলন কক্ষ। |

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ডিসেম্বর-২০২৫ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত সকলকে সভাপতি স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ), জনাব ফকির মুহাম্মদ মুনাওয়ার হোসেন আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন। নভেম্বর-২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কর্তৃপক্ষের সকল উইং এবং সংশ্লিষ্ট সকল দপ্তরে ডি-নথি কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অফিসসমূহে ৮৫% নথি ডি-নথির মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী, ডি-নথি তে ৯৫% কার্যক্রমের ধারাবাহিকতা রাখতে আলোচনা করা হয়। ডি-নথিতে নিষ্পন্নকৃত নথির শতকরা হার নির্দেশিত হার থেকে যেন কম না হয় সে বিষয়ে সতর্ক ও যত্মবান হওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কর্তৃপক্ষের সকল উইং এবং সংশ্লিষ্ট সকল দপ্তরে ডি-নথির মোট নিষ্পত্তির হার ৯৫% এ রাখতে হবে। ডি-নথিতে সর্বোচ্চ নথি নিষ্পন্নকারী ০৫(পাঁচ)টি শাখাকে সভাপতি মহোদয়ের পক্ষ হতে বিশেষ ধন্যবাদ দেয়া হয়।<br>ডি-নথিতে কার্যক্রম আরো বৃদ্ধি করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল বিভাগ/দপ্তর।<br><br>**"পরিশিষ্ট-ক"** |
| ০২ | কর্তৃপক্ষের নীতিমালা ও বিধিমালা সংক্রান্ত | (ক) <u>সরকারী (অপশনধারী) কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন সংক্রান্ত:</u><br>অপশনধারী ১৩৬ জন কর্মকর্তা/ কর্মচারীদের সরকারি হিসেবে পেনশন সুবিধা প্রদানের বিষয়ে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।<br><br>(খ) <u>পেন্ডিং নথি সংক্রান্তঃ</u><br>সকল প্রকারের পেন্ডিং নথি/পত্র তালিকা করতে হবে এবং দ্রুত নিষ্পত্তির জন্য শাখা অফিসার হতে উইং পর্যায়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপস্থাপিত নোটের শুরুতে পত্র প্রাপ্তির তারিখ লিখতে হবে এবং নোট এমন ভাবে উপস্থাপন করতে হবে যাতে তথ্যসমূহ বিধি সম্মত হয় ও সুবিন্যস্ত থাকে। | (ক) সরকারী (অপশনধারী) কর্মকর্তা/ কর্মচারীদের দ্রুত পেনশন সুবিধা প্রদানের লক্ষ্যে পরিচালক (প্রশাসন ও অর্থ) এর সভাপতিত্বে গত ১৬/১০/২০২৫ খ্রি: তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সকল দপ্তর/ শাখা প্রধান পেন্ডিং নথির তালিকা (ছক অনুযায়ী) প্রস্তুত করে প্রশাসন শাখায় প্রেরণ করবেন এবং অবিলম্বে পেন্ডিং নথিসমূহ দ্রুত নিষ্পত্তি করবেন। প্রতিমাসের ০৭(সাত) তারিখের মধ্যে প্রতিবেদন দিতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটি/সকল শাখা উইং।<br>**"পরিশিষ্ট-খ"** |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | এছাড়া প্রাপ্ত পত্র নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত প্রতিমাসের প্রথম কার্যদিবসে পূববর্তী মাসের পেন্ডিং পত্র সংখ্যা ছক অনুযায়ী প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শাখা প্রধান। |
| ০৩ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের দেওয়ানী ও অন্যান্য মামলা সংক্রান্ত কার্যক্রম | (ক) <u>বকেয়া ভাড়া আদায় সংক্রান্তঃ</u><br>জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন ডিভিশনসমূহে বকেয়া ভাড়া আদায়ের কার্যক্রম গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট মামলাগুলো শুনানী করে দ্রুত নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং চলমান মামলা সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ মামলার সংখ্যা ও গুরুত্ব অনুযায়ী উকিল নিয়োগের জন্য প্রতিবেদন দাখিল করবেন। প্রত্যেক মামলার বাদী-বিবাদী, নম্বর, আদেশ, তারিখ ও অগ্রগতি ইত্যাদি সম্বলিত রেজিস্টার প্রস্তুত করে হালনাগাদ রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>(খ) <u>অবৈধভাবে কোয়ার্টারে বসবাসকারীদের নিকট হতে বকেয়া ভাড়া আদায় ও উচ্ছেদ সংক্রান্ত:</u><br>জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ঢাকাস্থ স্টাফ কোয়ার্টারগুলোতে অবৈধভাবে বসবাসকারী ও ভাড়াটিয়াদের ৩০ ডিসেম্বর/২০২৫ খ্রি: তারিখের মধ্যে বকেয়া ভাড়া আদায় এবং উচ্ছেদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>(গ) <u>মামলা সংক্রান্তঃ</u><br>চলমান মামলা অবস্থার বিষয়ে পর্যায়ক্রমে বিভাগ/উপ বিভাগ ও প্রশাসনিক কর্মকর্তার দপ্তর হতে তথ্য নেয়া হবে। এ বিষয় আগামী সমন্বয় সভায় চলমান সকল মামলার তথ্য আইন কর্মকর্তা উপস্থাপন করবেন। ডিসেম্বর/২০২৫ মাসে সরকারের পক্ষে এবং বিপক্ষে কোন মামলার রায় হয়নি। | (ক) নির্বাহী প্রকৌশলীগণ নিজ আওতাধীন বাসা সংক্রান্ত মামলার সর্বশেষ অবস্থার তথ্য সংগ্রহ করবেন (মামলার নম্বর এবং তারিখসহ) এবং নিষ্পত্তির উদ্যোগ নিবেন। নিযুক্ত আইনজীবীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন। এছাড়াও প্রত্যেক ডিভিশনের অধীন সমস্ত প্লট/ফ্ল্যাটের বরাদ্দ ও কিস্তি সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্যভিত্তিক প্রতিবেদন দিতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) ঢাকাস্থ স্টাফ কোয়ার্টারগুলোতে অবৈধভাবে বসবাসকারীদের নিকট হতে স্ট্যান্ডার্ড রেইটে ভাড়া আদায় করাসহ এবং জানুয়ারী/২০২৬ মাসের ১ম সপ্তাহের মধ্যে ম্যাজিস্ট্রেট নিয়োগ করে অবৈধভাবে বসবাসকারী ও ভাড়াটিয়াদের উচ্ছেদ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) নিম্ন আদালতে কোন গাফিলতির কারণে NHA এর পক্ষে রায় হয় না, এরূপ যেন না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক এবং আন্তরিক থাকার নির্দেশনা প্রদান করা হয়। গুরুত্বপূর্ণ মামলাগুলোর একটি তালিকা তৈরি করতে হবে। শুনানীর সময় প্রয়োজনে আইন কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলীগণ কোর্টে উপস্থিত থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | আইন কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলী (সকল)।<br><br>"পরিশিষ্ট-গ" |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | (ঘ) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে মামলার জবাব/SF ভূমি উইং হতে দ্রুত প্রস্তুত করে উপ-পরিচালক, পরিচালক এবং সদস্য মহোদয় হয়ে আইন কোষে পাঠানোর বিষয়ে আলোচনা করা হয়। ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে SF দিতে হবে। সকল পেন্ডিং SF এর তালিকা সমন্বয় সভায় দাখিল করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>(ঙ) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের জমি সংক্রান্ত জটিলতা নিরসনে ভূমি আপীল বোর্ডে মামলা দায়ের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ঘ) SF চাহিত সময়ের মধ্যে অর্থাৎ ০৭ (সাত) দিনের মধ্যে আইনকোষে পাঠাতে হবে। সভায় চেয়ারম্যান মহোদয় S.F বিষয়ে একটি প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য নির্দেশনা প্রদান করেন। তাছাড়া আইন কর্মকর্তা কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট ছক অনুযায়ী পেন্ডিং S.F তালিকা প্রস্তুত/ তৈরি করে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ) রেকর্ড সংশোধনের জন্য ভূমি আপীল বোর্ডে মামলা দায়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন শাখা/ আইন কর্মকর্তা। |
| ০৪ | কর্তৃপক্ষের অডিট আপত্তি | (ক) কর্তৃপক্ষের যে সকল অডিট আপত্তির ব্রডশীট জবাব এখনও প্রেরণ করা হয়নি সে সকল আপত্তির জবাব প্রস্তুত পূর্বক দ্রুত প্রেরণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রেরণ ও প্রয়োজন অনুযায়ী দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভার আয়োজন করে নিষ্পত্তির রিপোর্ট দাখিল করা প্রয়োজন এবং জবাব আরও সুস্পষ্ট এবং যুক্তিসংগত হতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়।<br><br>(খ) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অবৈধ দখলে থাকা জমি সংক্রান্ত পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তিসমূহ নিয়ে সভায় আলোচনা করা হয়। অবৈধ দখলে থাকা জমি সংক্রান্ত আপত্তিতে জড়িত টাকার পরিমাণ বেশি বিধায় এ সংক্রান্ত আপত্তি বিস্তারিত তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের জন্য চেয়ারম্যান, জাগৃক নির্দেশনা প্রদান করেন। | (ক) কর্তৃপক্ষের যে সকল অডিট আপত্তির ব্রডশীট জবাব এখনও প্রেরণ করা হয়নি সে সকল আপত্তির জবাব প্রস্তুত পূর্বক দ্রুত প্রেরণ করতে হবে। এছাড়াও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অডিট আপত্তিসমূহ দ্রুত/ নিষ্পত্তির উদ্যোগ হিসেবে Non SFI (সাধারণ) আপত্তির জন্যে দ্বিপক্ষীয় এবং SFI (অগ্রীম) আপত্তিগুলো নিয়ে ত্রিপক্ষীয় সভা করার বিষয় সংশ্লিষ্ট সকলকে তাদের স্ব-স্ব অফিসের আপত্তি গুলো নিষ্পত্তির লক্ষ্যে যথাক্রমে পূর্ত অডিট অধিদপ্তর এবং মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক নিষ্পত্তিমূলক সভা করার ব্যবস্থা করতে হবে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) জাগৃকের অবৈধ দখলে থাকা জমি সংক্রান্ত পূর্ত অডিট আপত্তির বিস্তারিত তথ্য উপস্থাপনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (প্রশাসন ও অর্থ)/নির্বাহী প্রকৌশলী (সকল)।<br><br>“পরিশিষ্ট-ঘ” |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| ০৫ | কর্তৃপক্ষের গেজেট বহির্ভূত জমি | (ক) (i) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধিগ্রহণকৃত যে সকল সম্পত্তি এখনো গেজেটভূক্ত হয়নি, সে সকল সম্পত্তি গেজেটভূক্ত করার জন্য তালিকা প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর সাথে যোগাযোগের করে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট)'গণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রতিমাসের ১০ তারিখের মধ্যে হালনাগাদ তথ্য প্রশাসন ও প্রশিক্ষণ শাখায় প্রেরণ করবেন। গেজেট অধিভুক্ত এবং বহির্ভূত জমির পরিমাণসহ অবৈধভাবে জমি দখলের তথ্য নিয়মিত উপস্থাপনের জন্য সকল নির্বাহী প্রকৌশলী/ প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট)'দের করণীয় সম্পর্কে বিশদ আলোচনা হয়।<br><br>(ii) বছরের শুরুতে NHA এর মালিকানাধীন ভূমির তথ্য সম্বলিত ছকে প্রেরণ করার নির্দেশনা থাকলেও তা পাওয়া যায়নি। আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ভূমি সংক্রান্ত তথ্য ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(iii) আগামী ৩০ অক্টোবর এর মধ্যে বিনা ব্যর্থতায় সারা দেশ থেকে মৌজা, উপজেলা, জেলা এবং বিভাগ উল্লেখপূর্বক জরিপের প্রস্তাব দেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনেক জমি ডিজিটাল সার্ভেভূক্ত হয়নি। যে সকল জায়গা-জমি ডিজিটাল সার্ভেভূক্ত করা হয়নি সে সকল জায়গা-জমি ডিজিটাল সার্ভের অন্তর্ভূক্তি এবং জাগৃকের সকল জমি পেন্ট্রাগ্রাফভূক্ত করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণদের ব্যবস্থা নেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>(খ) কুমিল্লা হাউজিং এস্টেটের চাঁদপুর জেলার অধিগ্রহণকৃত সম্পত্তির গেজেট প্রকাশের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর সাথে যোগাযোগ করতে হবে এবং লাকসাম হাউজিং এস্টেটের অধিগ্রহণকৃত সম্পত্তির তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভূমি অধিগ্রহণ সংক্রান্ত সার্কুলারের নির্দেশনা অনুযায়ী সকল ডিভিশন অধিগ্রহণকৃত জমির গেজেট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। অবৈধদখলদার উচ্ছেদ বিষয়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ উপ-বিভাগীয় প্রকৌশলী ও প্রশাসনিক কর্মকর্তাগণ নির্বাহী ম্যাজিস্ট্রেট এর সাথে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা নিবেন। | (ক) (i) গেজেট বর্হিভূত জমির বিষয়ে সদস্য (ভূমি) এর সাথে নির্বাহী প্রকৌশলীগণ যোগাযোগ করবেন এবং পরামর্শ ও নির্দেশনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করবেন। যে জমিগুলো গেজেট বর্হিভূত আগামী মিটিং এর আগে তা অন্তর্ভূক্ত (দাগ খতিয়ানসহ) করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিমাসের ১০ তারিখের মধ্যে হালনাগাদ তালিকা প্রশাসন ও প্রশিক্ষণ শাখায় প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ii) আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ভূমি সংক্রান্ত তথ্য ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(iii) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল জায়গা-জমির ডিজিটাল সার্ভে করতে হবে এবং পেন্ট্রাগ্রাফ তৈরি করতে হবে। পেন্ট্রাগ্রাফের রিভার্স বাজেটের জন্য ০৭(সাত) কোটি টাকার বরাদ্দ রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) নির্বাহী প্রকৌশলী জেলা প্রশাসকের সহিত আলোচনা করে অধিগ্রহণকৃত জমির মৌজার গেজেট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। | সদস্য (ভূমি) ও নির্বাহী প্রকৌশলী/ প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট) সকল।<br><br>"পরিশিষ্ট-ঙ" |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | (গ) কর্তৃপক্ষের গেজেটভুক্ত জমি অথচ দখলে নাই, অধিগ্রহণকৃত জমি অথচ গেজেটে প্রকাশিত হয়নি। এর কতটুকু দখলে আর কতটুকু দখল ছাড়া তা ভিন্ন কালিতে চিহ্নিত করে নকশা প্রণয়ন করতে হবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল জমির বর্তমান অবস্থা, অবহিত হওয়া ও ভবিষ্যতের কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য ডিজিটাল সার্ভে করা প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। | (গ) সংশ্লিষ্টার জমির অর্থাৎ জাগৃক এর মালিকানাধীন জমি যেমন দখল /বেদখল, অধিগ্রহণকৃত গেজেটভুক্ত/ গেজেট হয়নি এমন সকল জমিকে অন্তর্ভূক্ত করে একটি ডাটাবেস তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৬ | কর্তৃপক্ষের জনবল সংক্রান্ত বিষয় | জাতীয় গৃহায়ন কতৃপক্ষে সর্বমোট অনুমোদিত পদ সংখ্যা ৫২৯ টি। এর মধ্যে সরাসরি নিয়োগযোগ্য পদের সংখ্যা ২০টি। | শূন্য পদগুলো ইতোমধ্যে পূরণ করা হয়েছে। অবশিষ্ট পদগুলোর পূরণ করার কার্যক্রম চলমান রয়েছে। | সদস্য (প্রশাসন ও অর্থ)। “পরিশিষ্ট-চ” |
| ০৭ | কর্তৃপক্ষে চলমান বিভাগীয় মামলা | কর্তৃপক্ষে বর্তমানে ০২ (দুই) টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। মামলাগুলো নিস্পত্তির লক্ষ্যে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। সকল বিভাগীয় মামলার বিষয়ে একটি রেজিষ্টার সংরক্ষণসহ তথ্য হালনাগাদ করা হচ্ছে। চলমান মামলাটি দ্রুত নিস্পত্তির উদ্যোগ গ্রহণ প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। | বিভাগীয় মামলাটি দ্রুত নিস্পত্তির বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (প্রশাসন ও অর্থ) “পরিশিষ্ট-ছ” |
| ০৮ | কর্তৃপক্ষের অভ্যন্তরীণ প্রশিক্ষণ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে মর্মে সভায় অবহিত করা হয় এবং আবারো প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন বলে সভায় মতামত প্রদান করা হয়। কর্তৃপক্ষের অভ্যন্তরীণ প্রশিক্ষণ শিডিউল প্রস্তুতপূর্বক প্রতি মাসে নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচী চলমান রাখা প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। নথি ব্যবস্থাপনা, ভূমি ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালনা, অডিট আপত্তি নিস্পত্তিকরণ বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য চেয়ারম্যান মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। | কর্মকর্তা/ কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য নথি ব্যবস্থাপনা, ভূমি ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালনা, অডিট আপত্তি নিস্পত্তিকরণ প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। এছাড়া গার্ড ও গাড়িচালকদেরও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (প্রশাসন ও অর্থ) |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৯ | কর্তৃপক্ষের বরাদ্দকৃত সকল প্লট/ফ্ল্যাট এর ডাটাবেইজ প্রস্তুত এবং ভূমি সংক্রান্ত কার্যক্রম ডিজিটালাইজ করণ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্লট/ফ্ল্যাটের ডাটাবেইজ প্রস্তুতকরণ ও ইন্টিগ্রেশন ই-সার্ভিস ম্যানেজমেন্ট সিস্টেম (Integration E-Service Management System of NHA) বিষয়ক RFP বাতিল ও পূনঃ দরপত্র আহ্বানের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ২৮১ তম বোর্ড সভায় "Integration E-Service Management System of NHA" বিষয়ক RFP বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয় মর্মে সভায় জানানো হয়। এছাড়া এ বিষয়ে পূনঃ কার্যক্রম গ্রহণের বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (প্রশাসন ও অর্থ) |
| ১০ | জাগৃক এর সকল প্লট ও ফ্ল্যাট প্রকল্পের রাজস্ব আদায়ের হালনাগাদ বিবরণী | (ক) নির্বাহী প্রকৌশলী এবং প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট)'গণ তাদের আওতাধীন প্রকল্প/ এস্টেটের রাজস্ব আদায়ের হালনাগাদ বিবরণী প্রতি মাসের প্রথম সপ্তাহে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন এবং তথ্যাবলীসহ সভায় উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়। | (ক) রাজস্ব আদায়ের তথ্যাবলী প্রধান কার্যালয়ে নির্ধারিত ছক অনুযায়ী প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ ভূমি শাখা/ সকল প্রশাসনিক কর্মকর্তা। "পরিশিষ্ট-জ" |
| | | (খ) প্লট ও ফ্ল্যাটের বাস্তব দখলের জন্য প্রত্যেক গ্রাহককে চিঠি প্রদান করার বিষয়টি সভায় আলোচনা করা হয় এবং কিস্তির টাকা সময়মত পরিশোধ না করলে কারণ দর্শানোর নোটিশ প্রদান করে বরাদ্দ বাতিল করার বিষয়টিও সভায় উপস্থাপন করা হয়। | (খ) প্লট ও ফ্ল্যাটের কিস্তির/ভাড়ার টাকা আদায় করতে যাওয়ার সময় রেকর্ড অনুযায়ী বরাদ্দ গ্রহীতা ও বাস্তব দখল অনুযায়ী বরাদ্দ গ্রহীতা একই ব্যক্তি কিনা তা যাচাই করতে হবে। যদি বরাদ্দ গ্রহীতা ও বাস্তব দখলদারী এক না হয় তবে বরাদ্দ বাতিল করা হবে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১১ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চলমান সকল প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিবেদন সংক্রান্ত | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চলমান সকল প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিবেদনের তথ্য ছক মোতাবেক প্রেরণের জন্য সকল নির্বাহী প্রকৌশলীদের নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পগুলোর অগ্রগতি সম্পর্কে কর্তৃপক্ষকে নিয়মিত অবহিত করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সর্তক ভূমিকা রাখতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ছক অনুযায়ী নির্বাহী প্রকৌশলীগণ মাসের ১০ তারিখের মধ্যে তথ্য প্রেরণ করার সিদ্ধান্ত নেয়া হয়। | কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী। "পরিশিষ্ট-ঝ" |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১২ | অবৈধ রিয়েল এস্টেট ডেভেলপারের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থার তথ্য সংক্রান্ত | রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ অনুযায়ী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় অনুমোদন ব্যতিত দেশের কোথাও কোন ডেভেলপার প্রতিষ্ঠান অবৈধভাবে কোন রিয়েল এস্টেট ব্যবসা/কার্যক্রম পরিচালনা করছে কিনা এ বিষয়ে নির্বাহী প্রকৌশলীগণ স্ব-স্ব এলাকা অনুসন্ধান/ পরিদর্শন করে কর্তৃপক্ষের নিকট নিয়মিত মাসিক প্রতিবেদন পেশ করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। | কোনরূপ অবৈধ রিয়েল এস্টেট ব্যবসা কার্যক্রম পরিলক্ষিত হলে প্রয়োজনে ম্যাজিস্টেট এর উপস্থিতিতে মোবাইল কোর্টের পরিচালনার মাধ্যমে অবৈধ বিলবোর্ড/ বিজ্ঞাপন সম্বলিত সাইনবোর্ড অপসারণ ও বিধিমোতাবেক জরিমানা আরোপ এর ব্যবস্থা গ্রহণ করবেন এবং কর্তৃপক্ষকে নিয়মিত নির্ধারিত ছকের মাধ্যমে প্রতিবেদন পেশ করবেন। | কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী।<br><br>**"পরিশিষ্ট-ঞ"** |
| ১৩ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অবৈধ দখলকৃত জমি উচ্ছেদ সংক্রান্ত | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অবৈধ দখলকৃত জমি উচ্ছেদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | অবৈধ দখল উচ্ছেদ এবং বিধিমালার ব্যত্যয় করে নির্মিত ভবন/ ভবনের অংশবিশেষ অপসারণ করতে হবে। নির্বাহী প্রকৌশলীগণ তাঁর আওতাধীন পূর্ববর্তী মাসের উচ্ছেদ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় পেশ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী। |
| ১৪ | Automation System | কর্তৃপক্ষের নথি ব্যবস্থাপনার স্বার্থে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ন্যায় file Management System/ Automation System থাকলে দ্বৈত বরাদ্দ, স্বামী স্ত্রীর নামে বরাদ্দ সংক্রান্ত তথ্য এবং কোর্ট/দুদক কর্তৃক চাহিত তথ্য সঠিক ও নির্ভুলভাবে দেওয়া সম্ভব হবে এবং সেবা সহজীকরণ হবে মর্মে সভায় আলোচনা হয়। | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের জন্য Automation System চালু করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য<br>(প্রশাসন ও অর্থ) |
| ১৫ | অর্গানোগ্রাম | কর্তৃপক্ষের কর্মপরিধি মাঠ/ উপজেলা পর্যায় পর্যন্ত বিস্তার লাভ করায় বিদ্যমান জনবল দিয়ে সেবা কার্যক্রম পরিচালনা/তদারকি করা সম্ভব হচ্ছে না। তাছাড়া বিদ্যমান জনবল কাঠামোতে মিরপুর গৃহসংস্থান, বরিশাল মাদারীপুরসহ বিভিন্ন দপ্তরে বিদ্যমান অর্গানোগ্রাম অন্তর্ভুক্ত না হওয়ায় অফিস পরিচালনার স্বার্থে অন্য দপ্তরের জনবল দিয়ে এই সকল দপ্তর পরিচালনা করতে হয় বিধায় জনবলের অভাবে অনেক দপ্তর কার্যক্রম গ্রহণ/ পরিচালনা করতে ব্যর্থ হচ্ছে। এমতাবস্থায়, প্রস্তাবিত/ প্রয়োজনমত বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধন করে প্রস্তাবিত অগ্রানোগ্রাম অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নবগঠিত অর্গানোগ্রাম অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য<br>(প্রশাসন ও অর্থ) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোসা: ফেরদৌসী বেগম)
চেয়ারম্যান (অঃদাঃ)
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।
E-mail: chairman@nha.gov.bd
ফোন নং-২২৩৩৮২৭৬২

## পরিশিষ্ট-ক

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নভেম্বর/২০২৫ মাসের ডি-নথির তথ্য:

| ক্র: নং | দপ্তর/সংস্থার নাম | শুধুমাত্র হার্ড ফাইলে নোট নিষ্পত্তির সংখ্যা | ডি-নথিতে নোট নিষ্পত্তির সংখ্যা | সর্বমোট নোট নিষ্পত্তির সংখ্যা (৩+৪) | ডি-নথির মাধ্যমে নোট নিষ্পত্তির শতকরা হার (৪*১০০/৫) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | জাগৃক | ৩৭ | ৭০৬ | ৭৪৩ | ৯৫.০২% | |

## পরিশিষ্ট-খ

নভেম্বর/২০২৫ মাসের পেন্ডিং নথির বিবরণী

| ক্রমিক নং | দপ্তর | গত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভুত পেন্ডিং নথির সংখ্যা | বর্তমান মাসে আগত নথির সংখ্যা | বর্তমান মাসে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা | মোট নথির সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা | ২১৭ | ৭৫ | ১০৮ | ১৮৪ |
| ২ | নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা | ১০ | ৩৩ | ২২ | ২১ |
| ৩ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা | ৪০ | ২০ | ১০ | ১০ |
| ৪ | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন, নাসিরাবাদ, চট্টগ্রাম | ০৬ | ১২০ | ১১৫ | ১১ |
| ৫ | নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, খুলনা | ৪৯ | ৯০ | ৩৮ | ৫২ |
| ৬ | নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, রাজশাহী | ০৯ | ১৪৪ | ১৩৬ | ০৮ |
| ৭ | নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, সিলেট | ০৮ | ৪৭ | ৩৭ | ১৮ |
| ৮ | নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর | ০৯ | ১৪১ | ১৩২ | ০৮ |

## পরিশিষ্ট-গ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন সম্পত্তি নিয়ে বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমুহের "নভেম্বর/২০২৫" মাসের বিবরণী :

| ক্র: নং | দপ্তর/ সংস্থার নাম | পূর্ববর্তী মাসের মামলার সংখ্যা | বর্তমান মাসে উৎপত্তি | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | সরকারের পক্ষে রায় | সরকারের বিপক্ষে রায় | অনিষ্পন্ন মামলার সংখ্যা | অনিষ্পন্ন মামলার প্রকৃতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | জমি/ বাসা/ সম্পত্তি | চাকুরী সংক্রান্ত | অননুমোদিত নির্মাণ সংক্রান্ত | অন্যান্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | জাগৃক | ২০০৭ | ০৭ | ০০ | ০০ | ০০ | ২০১৪ | ১৯৬৩ | ০৪ | ০০ | ৪৭ (আদালত অবমাননা) |

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন বিচারাধীন মামলাসমূহের তথ্য "নভেম্বর-২০২৫":

| ক্রমিক নং | ডিভিশনের নাম | নিম্ন আদালত | হাইকোর্ট ডিভিশন | | | | অ্যাপিলেট ডিভিশন | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | রীট পিটিশন | কনটেম্পট পিটিশন | সিভিল রিভিশন | অ্যাপীল | | |
| ১ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা | ৪৭০ | ১৭৩ | ১১ | ১১ | ০২ | ২২ | ৬৮৯ |
| ২ | নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা | ১৯৯ | ১০৫ | ০৯ | ০৬ | ০১ | ১৫ | ৩৩৫ |
| ৩ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা | ২৯১ | ৯৬ | ১০ | ০৯ | ০১ | ০৮ | ৪১৫ |
| ৪ | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন, নাসিরাবাদ, চট্টগ্রাম | ১৩৯ | ১২৩ | ১০ | ০৮ | ০১ | ১০ | ২৯১ |
| ৫ | নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, খুলনা | ৭০ | ২৫ | ০১ | ০৫ | ০০ | ০২ | ১০৩ |
| ৬ | নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, রাজশাহী | ৫৫ | ১৬ | ০২ | ০২ | ০০ | ০১ | ৭৬ |
| ৭ | নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, সিলেট | ১৯ | ০৮ | ০১ | ০১ | ০০ | ০২ | ৩১ |
| ৮ | নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর | ৪৯ | ১৬ | ০৩ | ০২ | ০০ | ০৪ | ৭৪ |
| সর্বমোট = | | ১২৯২ | ৫৬২ | ৪৭ | ৪৪ | ০৫ | ৬৪ | ২০১৪ |

## পরিশিষ্ট-ঘ

পুর্ত অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত কর্তৃপক্ষের অডিট আপত্তির ডিভিশন ভিত্তিক প্রতিবেদন নিম্নে বর্ণনা করা হলো:

| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অডিট আপত্তির তথ্য | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | দপ্তর/সংস্থা/দপ্তরের নাম | সাধারণ আপত্তি | জড়িত টাকা | অগ্রীম আপত্তি | জড়িত টাকা | খসড়া/ সাসপেন্স আপত্তি | জড়িত টাকা | মোট আপত্তি | মোট জড়িত টাকা (লক্ষ টাকায়) | হালনাগাদ তথ্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | |
| ১ | ঢাকা ডিভিশন-১ | ০৪ | ৯.৬৮ | ৩২ | ৫৯৯৯২.৮ | --- | --- | ৩৬ | ৬০০০২.৪৮ | |
| ২ | ঢাকা ডিভিশন-২ | ১০ | ৭০.৩৪ | ৪২ | ৩৩২৩.১৮ | ২ | ০.২ | ৫৪ | ৩৩৯৩.৭২ | |
| ৩ | মিরপুর গৃহসংস্থান বিভাগ-২ | ০৭ | ১৯৪৫.৪৮ | ৪০ | ১০৭০৭.৮ | --- | --- | ৪৭ | ১২৬৫৩.২৮ | |
| ৪ | ই/এম ডিভিশন | ০৩ | ৪৫.৪৮ | ০৯ | ৭০৭.৮ | --- | --- | ১২ | ৭৫৩.২৮ | |
| ৫ | সিলেট ডিভিশন | ১১ | ৩৯৩.১১ | ২৪ | ২০৭১.৩৮ | ১ | ০.৩ | ৩৬ | ২৪৬২.৭৮৯৯ | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৬ | দিনাজপুর ডিভিশন | ১০ | ২৯৩.১১ | ১৫ | ৪০.১৭ | --- | --- | ২৫ | ৩৩৩.২৮ | |
| ৭ | রাজশাহী ডিভিশন | ১২ | ৬৪.০১ | ১৪ | ১১৬.৪২ | --- | --- | ২৬ | ১৮০.৪৩ | |
| ৮ | খুলনা ডিভিশন | ০৩ | ২.৩৫ | ২৬ | ৫৮৩.৮ | --- | --- | ২৯ | ৫৪৬.১৫ | |
| ৯ | চট্টগ্রাম ডিভিশন | ১৬ | ২৬৬.৮৭ | ২৯ | ৭২.১৮ | --- | --- | ৪৫ | ৩৩৯.০৫ | |
| ১০ | ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা | ১২ | ১৬৬.৮৭ | ১৪ | ৩৬.০৯ | --- | --- | ২৬ | ২০২.৯৬ | |
| ১১ | অর্থ ও হিসাব | ০৪ | ১০১.৪৮ | ১১ | ৪৮৩.৪৬ | --- | --- | ১৫ | ৫৮৪.৯৪ | |
| ১২ | প্রশাসন ও প্রশিক্ষণ | -- | --- | ০৫ | ৩.৫৫ | --- | --- | ০৫ | ৩.৫৫ | |
| ১৩ | চট্টগ্রাম সার্কেল | -- | --- | ০৪ | ৩৪.০৩ | --- | --- | ০৪ | ৩৪.০৩ | |
| ১৪ | ডুইপ ( ঢাকা শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প) | -- | --- | ০৫ | ৯৮.৯৫ | --- | --- | ০৫ | ৯৮.৯৫ | |
| ১৬ | মোট | ৯২ | | ২৭০ | | ৩ | ০.৫ | ৩৬৫ | ৮৩০৭৪৭৫.০৬ | |
| কথায়: তিরাশি লক্ষ সাত হাজার চারশত পঁচাত্তর টাকা মাত্র (লক্ষ টাকায়) | | | | | | | | | | |

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অডিট আপত্তিসমূহের মাসিক প্রতিবেদন :

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম | পূর্ববর্তী মাসের অডিট আপত্তি | | বর্তমান মাসের অডিট আপত্তি | | মোট আপত্তির তথ্য | | গতমাসে প্রেরিত ব্রডশীট জবাব প্রেরিত | অনিষ্পন্ন ব্রডশীট জবাবের সংখ্যা | বর্তমান মাসে অডিট আপত্তির নিষ্পত্তি তথ্য | | স্থিতি সংক্রান্ত তথ্য | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | জড়িত টাকা | সংখ্যা | জড়িত টাকা | সংখ্যা (৩+৫) | টাকার পরিমাণ | | | সংখ্যা | জড়িত টাকা | সাধারণ NON (SFI) আপত্তির সংখ্যা | (SFI) আপত্তির সংখ্যা | রির্পোট ভূক্ত আপত্তির সংখ্যা | মোট আপত্তির সংখ্যা (১১+১৩+১৪+১৫) | মোট টাকার পরিমাণ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ০১ | জাগৃক | ৩৬৫ | ৮৩০৭৪৭৫.০৬ | ০০ | ০০ | ৩৬৫ | ৮৩০৭৪৭৫.০৬ | ০০ | ৩৬৫ | ০০ | ০০ | ৭২ | ২৯০ | ০৩ | ৩৬৫ | ৮৩০৭৪৭৫.০৬ | |

## পরিশিষ্ট-ঙ

### কর্তৃপক্ষের আওতাধীন জমি সংক্রান্ত বিবরণ :

| ক্র: নং | ডিভিশন | মোট জমির পরিমাণ (একর) | গেজেট অন্তর্ভূক্ত জমির পরিমাণ (একর) | গেজেট বর্হিভূত জমির পরিমাণ (একর) | রেকর্ড বর্হিভূত জমির পরিমাণ (একর) | বেদখলকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা | ৩৬৫৪.৭০ | ৩৬১৫.৬৫ | ৩৯.০৫ | -- | -- |
| ০২ | নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা | ৭১৬.৭২ | ৭১৫.৭৮ | ০.৯৩৬৪ | -- | -- |
| ০৩ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা | ৬৯৩.৩০৭ | ৬৩৩.০৯৩৫ | ৭৪.৭১৯৫ | -- | -- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৪ | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন, নাসিরাবাদ, চট্টগ্রাম | ৯৫৪.০১ | ৯৪৫.২৬ | ৮.৭৫ | -- | -- |
| ০৫ | নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, খুলনা | ১২২২.৪৭ | ১১৩০.২৭ | ৯২.১২ | ১৮৩.৫৬ | ২৪.২১ |
| ০৬ | নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, রাজশাহী | ৫৬৫.১৭ | ৪৯২.৭৮ | ৭২.৩৯ | -- | ৪.৩৪ |
| ০৭ | নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, সিলেট | ৩৭৭.২৮৬৫ | ২৬২.২৭৪৫ | ১১৫.০১২ | -- | -- |
| ০৮ | নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর | ৪৪৮.৩০ | ৪৩৫.৫০ | ১৩.৮০ | ১৭৬.১৬৪৭ | ২৪.০৫ |

## পরিশিষ্ট-চ

**নভেম্বর-২০২৫**

**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের শূন্য পদের তথ্যাদি**

| ক্র: নং | গ্রেড | পদের নাম | সরাসরি নিয়োগযোগ্য |
|---|---|---|---|
| ০১ | ১০ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ০৪ |
| ০২ | ১৬ | অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর | ০৪ |
| ০৩ | ১৬ | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক | ০২ |
| ০৪ | ১৬ | হিসাব সহকারী | ০৩ |
| ০৫ | ২০ | অফিস সহায়ক (এম এল এস এস) | ০২ |
| ০৬ | ২০ | গার্ড | ০৫ |
| | | মোট | ২০ |

## পরিশিষ্ট-ছ

| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে চলমান ০২টি বিভাগীয় মামলার তথ্য | | | |
|---|---|---|---|
| ক্র: নং: | কর্মকর্তা/কর্মচারীর নাম | বিভাগীয় মামলার নম্বর | মন্তব্য |
| ০১ | জনাব মো: রায়হান খন্দকার<br>হিসাব সহকারী | ০২/২০২৫ | চলমান আছে |
| ০২ | জনাব মো: হাফিজ আল হোসেন<br>অফিস সহায়ক | ০৩/২০২৫ | চলমান আছে |

## পরিশিষ্ট-জ

সংযুক্তঃ পিছনের পাতায়।

## পরিশিষ্ট-ঝ

**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চলমান সকল প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিবেদন**

| ক্র: নং | ডিভিশন | প্রকল্পর নাম | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| | | | আর্থিক অগ্রগতি (%)/ লক্ষ টাকায় | ভৌত অগ্রগতি (%) | |
| ০১ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা | স্বপ্ন নগর (২য় পর্যায়) | ১৮.৫৬% | ১১% | |
| ০২ | নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা | মিরপুর-১৬ আবাসিক ফ্ল্যাট | ২৪.৯৮% | | |
| | | গৃহায়ন ধানমন্ডি | ০% | | |
| ০৩ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা | ঢাকাস্থ মোহাম্মদপুর হাউজিং এস্টেট | ৮১৭.৪৩ | ৬৩% | |
| | | জাগৃক নিজেস্ব অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে ময়মনসিংহ জেলার সদর উপজেলার মধ্যম আয়ের মানুষের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প | ০ | ৩৭% | |
| | | জাগৃক এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলায় স্বল্প ও মধ্যমে আয়ের মানুষের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (নিজস্ব অর্থায়ন) | ০ | ৫% | |
| | | জাগৃক এর ঢাকাস্থ লালমাটিয়া হাউজিং এস্টেট | ০ | ১০০% | |
| ০৪ | নির্বাহী প্রকৌশলী, চট্রগ্রাম ডিভিশন, নাসিরাবাদ, চট্রগ্রাম | চট্রগ্রামস্থ ফিরোজশাহ ও হালিশহর হাউজিং এস্টেট ১০ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প | ১৭% | ৭৬% | |
| | | চট্রগ্রাম জেলার মিরসরাই উপজেলার কিসমত জাফরাবাদ মৌজার সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ৮৭% | ৩৫% | |
| | | চট্রগ্রাম হালিশহর হাউজিং এস্টেটের এ ব্লকে অত্যাধুনিক এনএইচএ মাল্টিপারপাস টাওয়ার নির্মাণ প্রকল্প | ১৪.৭৪% | ২৬% | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | নোয়াখালী জেলার মাইজদীতে (রেলওয়ে স্টেশন সংলগ্ন) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ৫.৩৩% | ২৫% | |
| | | চট্টগ্রাম হালিশহর হাউজিং এস্টেটের জি ব্লকে আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প | ১৮.১৩% | ২২% | |
| ০৫ | নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, খুলনা | ঝালকাঠি জেলার নলছিটি উপজেলার সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ০% | ০% | |
| | | যশোর হাউজিং এস্টেটে এনএইচ বাণিজ্যিক কমপ্লেক্স | ০% | ০% | |
| | | ঝিনাইদহ জেলার সদর উপজেলার সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ০% | ০% | |
| | | হজরত খানজাহান আলী (রা:) আবাসিক-০১ প্লট উন্নয়ন প্রকল্প | ০% | ০% | |
| ০৬ | নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, রাজশাহী | কুষ্টিয়া হাউজিং এস্টেটে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (৪র্থ পর্যায়) | ০% | ০% | |
| | | গৃহায়ন পদ্মা | ০% | ০% | |
| ০৭ | নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, সিলেট | হবিগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ৩৪.০৮% | ২৫% | |
| ০৮ | নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর | --- | --- | --- | কোন প্রকল্প নেই। |

## পরিশিষ্ট-ঞ
## অবৈধ রিয়েল এস্টেট ডেভেলপারের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থার তথ্য সংক্রান্ত

| ক্র: নং | অবৈধ রিয়েল এস্টেট ডেভেলপার প্রতিষ্ঠানের নাম, প্রকল্পের নাম ও অবস্থান | সেপ্টেম্বর/২০২৫ মাসে গৃহীত ব্যবস্থা | | | চলতি অর্থবছরে ক্রমপুঞ্জিত গৃহীত ব্যবস্থা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | নোটিশ প্রদান | বিলবোর্ড/সাইন বোর্ড অপসারণ | জরিমানা আরোপ | নোটিশ প্রদান | বিলবোর্ড/সাইন বোর্ড অপসারণ | জরিমানা আরোপ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, মিরপুর, ঢাকা | --- | --- | --- | --- | --- | |
| ০২ | নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা | --- | --- | --- | ৪৮ | --- | |
| ০৩ | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, মোহাম্মদপুর, ঢাকা | --- | --- | --- | --- | --- | |
| ০৪ | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন, নাসিরাবাদ, চট্টগ্রাম | --- | --- | --- | --- | --- | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৫ | নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, খুলনা | --- | --- | --- | --- | --- | |
| ০৬ | নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন, রাজশাহী | --- | --- | --- | --- | --- | |
| ০৭ | নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, সিলেট | --- | --- | --- | --- | --- | |
| ০৮ | নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর ডিভিশন, দিনাজপুর | --- | --- | --- | -- | --- | |